কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765
# কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪২ সংখ্যা ৪২ | কলকাতা | বুধবার, ১৮ মে ২০২২/১ | ৩ জ্যৈষ্ঠ ১৪২৯ | দাম ৪.০০ টাকা | ৮ পাতা | R. N. 37120/80

নার্সিংয়ে সার্টিফিকেট ও ডিপ্লোমা
প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৬

## কেন্দ্রীয় সরকারে ১৯২০ চাকরি

বিভিন্ন মন্ত্রক, দপ্তর ও সংস্থায় ১,৯২০ জন কর্মী নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। দেশের বিভিন্ন রিজিয়নে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, টেকনিক্যাল অপারেটর, গার্ল ক্যাডেট ইনস্ট্রাক্টর-সহ বিবিধ পদে। প্রার্থী যে-কোনও রিজিয়নের শূন্যপদে নিয়োগ পেতে পারেন। এখানে ইস্টার্ন রিজিয়নের জন্য নির্দিষ্ট ৩২৮টি শূন্যপদের বিষয়ে জানানো হল। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Phase-X/2022/Selection Posts.

**শূন্যপদের বিন্যাস: ইস্টার্ন রিজিয়ন:** পোস্ট কোড ER10822: **বোটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার বোটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার অফিসে। বেতন: লেভেল ৬ অনুসারে।

পোস্ট কোড ER11022: **সিনিয়র প্রিজারভেশন অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার বোটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার অফিসে। বেতন: লেভেল ৫ অনুসারে।

পোস্ট কোড ER11322: **ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। বেতন: লেভেল ৫ অনুসারে।

পোস্ট কোড ER11622: **ল্যাবরেটরি টেকনিশিয়ান:** শূন্যপদ ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সেন্ট্রাল গভর্নমেন্ট হেলথ স্কিমের অফিসে। বেতন: লেভেল ৫ অনুসারে।

পোস্ট কোড ER11722: **লেডি মেডিক্যাল অ্যাটেন্ড্যান্ট:** শূন্যপদ ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সেন্ট্রাল

*এরপর সাতের পাতায়*

## ভারত ডায়নামিক্সে অ্যাসিস্ট্যান্ট

বিভিন্ন শাখায় ৮০ জন প্রোজেক্ট ডিপ্লোমা অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট ও ট্রেড অ্যাসিস্ট্যান্ট নেবে ভারত ডায়নামিক্স। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। চুক্তিতে নিয়োগ করা হবে সংস্থার তেলঙ্গানা ও অন্ধ্রপ্রদেশের ইউনিট ও অফিসে।

শূন্যপদের বিন্যাস: **প্রোজেক্ট ডিপ্লোমা অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল):** শূন্যপদ ৫টি। **প্রোজেক্ট ডিপ্লোমা অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক্স):** শূন্যপদ ১০টি। **প্রোজেক্ট ডিপ্লোমা অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল):** শূন্যপদ ২টি। **প্রোজেক্ট ডিপ্লোমা অ্যাসিস্ট্যান্ট (কম্পিউটার):** শূন্যপদ ২টি। **প্রোজেক্ট ডিপ্লোমা অ্যাসিস্ট্যান্ট (টুল ডিজাইন):** শূন্যপদ ৪টি। **প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট (এইচ আর):** শূন্যপদ ৪টি। **প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট (ফিনান্স):** শূন্যপদ ৪টি। **প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট (স্টোর কিপার):** শূন্যপদ ৫টি। **প্রোজেক্ট ট্রেড অ্যাসিস্ট্যান্ট (ফিটার):** শূন্যপদ ৭টি। **প্রোজেক্ট ট্রেড অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক মেকানিক):** শূন্যপদ ১৩টি। **প্রোজেক্ট ট্রেড অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিশিয়ান):** শূন্যপদ ৪টি। **প্রোজেক্ট ট্রেড অ্যাসিস্ট্যান্ট (পেইন্টার):** শূন্যপদ ১টি। **প্রোজেক্ট ট্রেড অ্যাসিস্ট্যান্ট (ওয়েল্ডার):** শূন্যপদ ১টি। **প্রোজেক্ট ট্রেড অ্যাসিস্ট্যান্ট (প্লাম্বার):** শূন্যপদ ২টি। **প্রোজেক্ট অফিস অ্যাসিস্ট্যান্ট (স্টেনোগ্রাফার):** শূন্যপদ ১৬টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bdl-india.in বিশদ জানতে আগ্রহীরা নজর রাখুন ওয়েবসাইটে।

## সেনাবাহিনীতে গ্রুপ 'সি'

বিভিন্ন ট্রেডে ৬২ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় সেনাবাহিনী। চৌকিদার, কুক, সাফাইওয়ালি, ওয়াশারম্যান, ট্রেডসম্যান মেট পদে নিয়োগ করা হবে হেড কোয়ার্টার্স ওয়েস্টার্ন কম্যান্ডে।

**শূন্যপদের বিন্যাস: সাফাইওয়ালি:** শূন্যপদ ২৭টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **ওয়াশারম্যান:** শূন্যপদ ১২টি (সাধারণ ৯, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

*এরপর সাতের পাতায়*

## কেন্দ্রীয় সরকারে আরও চাকরি

অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও সায়েন্টিস্ট 'বি' পদে ৪২ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে কর্পোরেট অ্যাফেয়ার্স দপ্তর, সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরি, অর্থ মন্ত্রক-সহ বিভিন্ন দপ্তর ও প্রতিষ্ঠানে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 09/2022.

**শূন্যপদের বিবরণ:** ভ্যাকেন্সি নম্বর ২২০৫০৯০২৪১৪: **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (ব্যাঙ্কিং):** ৯টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। নিয়োগ হবে কর্পোরেট অ্যাফেয়ার্স দপ্তরে। বেতন: লেভেল ৮ অনুসারে।

ভ্যাকেন্সি নম্বর ২২০৫০৯০৪৪১৪: **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (কস্ট):** ২২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে অর্থ দপ্তরে। বেতন: লেভেল ১০ অনুসারে।

ভ্যাকেন্সি নম্বর ২২০৫০৯০৬২১৪: **সায়েন্টিস্ট 'বি' (কেমিস্ট্রি):** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। নিয়োগ হবে সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। বেতন: লেভেল ১০ অনুসারে।

ভ্যাকেন্সি নম্বর ২২০৫০৯১১৩১৪: **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ল):** ৮টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। নিয়োগ হবে পুদুচেরির ড. আম্বেদকর গভর্নমেন্ট ল কলেজে। বেতন: লেভেল ১০ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in দরখাস্তের শেষ তারিখ ২ জুন।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## ম্যাঙ্গালোর রিফাইনারিতে

### অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ

### গেট-২০২২ পরীক্ষায় সফল হতে হবে

বিভিন্ন শাখায় ৬২ জন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ নেবে ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস। এটি অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশনের (ও এন জি সি) ভর্তুকিপ্রাপ্ত একটি সংস্থা। নিয়োগ করা হবে কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, সিভিল ও কম্পিউটার সায়েন্স শাখায়। প্রার্থীকে অবশ্যই গেট-২০২২ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রথমে ট্রেনিং কাম প্রবেশন। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: 83/2022.

**শূন্যপদের বিবরণ: কেমিক্যাল** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল টেকনোলজি, পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, পেট্রোকেমিক্যাল টেকনোলজি— যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের

*এরপর সাতের পাতায়*

## মৌমাছি প্রতিপালনে উপার্জন ও পরিবেশ সুরক্ষার কাজ হয় একসঙ্গে

**বিশুদ্ধ মধু বাজারে বিরল। বেশির ভাগই ভেজাল মেশানো। কিন্তু ক্রেতা তো খোঁজেন বিশুদ্ধতাই! এই অবস্থায় মৌমাছি প্রতিপালন করে কৃত্রিম বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মধু সংগ্রহ করে বাজারে জোগান দিতে পারেন। চাহিদা থাকায় উপার্জনও ভালোই হবে। তবে মৌমাছি প্রতিপালনের জন্য প্রশিক্ষণ নিতেই হবে।**



**নিজস্ব প্রতিনিধি:** মধুতে আছে ভেষজ গুণ, তাই শুধু সুস্বাদু বলেই নয়, স্বাস্থ্যরক্ষা, চিকিৎসা এবং রূপচর্চার জন্যও মধু অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সারা বছরই মধুর বেশ ভালো রকম চাহিদা থাকে বাজারে। কিন্তু বাজারে যা পাওয়া যায়, তার সবই কি বিশুদ্ধ মধু? একেবারেই না। বাজার ছেয়ে গেছে ভেজাল মধুতে। প্রাকৃতিক গুণযুক্ত মধু বলে আসলে যা আমরা খাচ্ছি, তাতে শরীরের ক্ষতি হচ্ছে বেশি।

এই লোকঠকানো মধুর ব্যবসা সংবাদ মাধ্যমের সূত্রে সকলেরই জানা। সেজন্য বাজারে গিয়ে শুদ্ধ মধুর খোঁজ করেন ক্রেতা। এই শুদ্ধ মধুই কিন্তু রোজগারের ভালো পথ হতে পারে। এর জন্য বনে-জঙ্গলে ঘুরে জীবন বিপন্ন করে মৌমাছির চাক খুঁজে বেড়াতে হবে না। নিজের গ্রামেই, বাড়ির কাছাকাছি চাইলে আধুনিক বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মৌমাছির চাষ করা যায়।



### মধুর উৎস মৌমাছি

পৃথিবীতে বহু প্রজাতির মৌমাছি আছে। প্রত্যেক প্রজাতিতেই আছে তিনটি শ্রেণি— রানি, পুরুষ ও শ্রমিক। রানি মৌমাছির আকৃতি সবচেয়ে বড়। একটি চাকে একটিই রানি মৌমাছি থাকে। এর একমাত্র কাজ ডিম পাড়া। একটি রানি মৌমাছির আয়ুষ্কাল ২-৩ বছর। পুরুষ মৌমাছির আকৃতি মধ্যম। এদের চোখ বড়, কিন্তু এদের হুল নেই। রানির সঙ্গে মিলিত হওয়াই এদের একমাত্র কাজ। পুরুষ মৌমাছি বাঁচে প্রায় দেড় থেকে দুই মাস পর্যন্ত। রানি ও পুরুষ মৌমাছির তুলনায় শ্রমিক মৌমাছিরা আকারে ছোট, এদের চোখও ছোট, কিন্তু হুল আছে। এরা নানা উপদলে ভাগ হয়ে চাক নির্মাণ করার জন্য ফুল থেকে রস ও পরাগরেণু সংগ্রহ, মধু তৈরি, চাকের তাপমাত্রা নিয়ন্ত্রণ, চাক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ইত্যাদি যাবতীয় কাজ করে। এদের আয়ু প্রায় এক মাস।

*এরপর তিনের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# মৌমাছি প্রতিপালনে উপার্জন ও পরিবেশ সুরক্ষার কাজ হয় একসঙ্গে

*প্রথম পাতার পর*

মৌমাছির চাক ছোট ছোট খোপ বিশিষ্ট। মৌমাছিকে প্রাকৃতিক পরিবেশ থেকে তুলে এনে, বাক্সের মধ্যে মৌচাকের উপযোগী পরিবেশ সৃষ্টি করে প্রতিপালন করা হয়।

## মূলধন

মৌমাছি পালনের জন্য যে-বাক্স ব্যবহার করা হয়, তার প্রতিটির দাম ৩,৬০০ টাকার মতো। বক্সের দাম সিজন অনুযায়ী ওঠা-নামা করে। প্রথমে ১০-১৫টা বাক্স নিয়ে কাজ শুরু করতে পারলে ভালো। বাক্স, প্রতিরক্ষার কিছু সাজ-সরঞ্জাম, চাক থেকে মধু বের করার মেশিন ইত্যাদি নিয়ে একটা সেটআপ তৈরি করতে মোটামুটি ৭০ থেকে ৮০ হাজার টাকা পুঁজি লাগে। এই কাজ একা করতে পারেন, আবার দলবদ্ধ ভাবেও করতে পারেন। পুঁজি বেশি না থাকলে শুধু বক্সগুলো কিনেও প্রাথমিক ভাবে কাজ শুরু করতে পারেন। তবে ব্যবসা শুরু করার জন্য অবশ্যই ট্রেড লাইসেন্স লাগবে।

## কীভাবে চাষ

আধুনিক বি-কিপিং বা মৌমাছি প্রতিপালনের মূল পদ্ধতিটা এরকম: বিভিন্ন ঋতুতে কখনও সরষে খেতের পাশে, কখনও কালোজিরে খেতের পাশে কিছু বাক্স বসানো হয় কিছু নিয়ম মেনে। এক-একটা বাক্সে থাকে ৩-৪ লক্ষ মৌমাছি। তাদের ছেড়ে দেওয়া হয়। তারা মধু সংগ্রহ করে বাক্সে ফিরে আসে এবং চাক বানায়। পরে সেই চাক থেকে মধু সংগ্রহ করা হয়। এই পদ্ধতিতে কেবল মধু নয়, মোম, ফুলের রেণুও পাওয়া যায়। শুধু সরষে বা কালোজিরে নয়, বিভিন্ন মরশুমে বিভিন্ন ফুলের থেকেও এই পদ্ধতিতে মধু সংগ্রহ করা হয়।

শুনতে যতই সাদামাঠা লাগুক, কৌশল ও দক্ষতা মৌমাছি প্রতিপালনের ক্ষেত্রে ভীষণই জরুরি। মৌমাছিদের বিপজ্জনক আক্রমণের কথা অনেকেরই জানা। কিন্তু সঠিক কৌশল জানা থাকলে কোনও অসুবিধাই হয় না। পেশাদার বি-কিপাররা সেই প্রশিক্ষণ দিয়ে থাকেন।

## কোথায় শিখবেন

আমডাঙার মহম্মদ আরিফুল ইসলাম ২১ বছর বয়স থেকে মৌমাছি প্রতিপালনের কাজ করছেন। এ কাজ তিনি শিখেছিলেন তাঁর বাবার কাছে। তাছাড়া কাজ করতে করতেই বিভিন্ন জায়গায় পেশাদারি ট্রেনিংও নেন। ভারতের অন্যত্র কী ভাবে মৌমাছি প্রতিপালনের কাজ হয়, তা জানার জন্য আরিফুল ছুটে গিয়েছেন পাঞ্জাব, দিল্লি-সহ ভারতের বিভিন্ন রাজ্যে। বর্তমানে তিনি সফল মধু সংগ্রাহক। সেইসঙ্গে মৌমাছি প্রতিপালনের প্রশিক্ষণ দেন এবং শিক্ষার্থীদের বিপণনের বিষয়েও পরামর্শ দিয়ে থাকেন। মৌমাছি প্রতিপালনে ইচ্ছুক ব্যক্তিরা যোগাযোগ করতে পারেন আরিফুলের সঙ্গে, এই ফোন নম্বরে: ৭৩৬৫৮-৬১০১৭ (সন্ধে সাতটা থেকে রাত ১০টার মধ্যে)।

### আগে ভালো করে ব্যবসাটা বুঝে ও শিখে নিতে হবে

*মহম্মদ আরিফুল ইসলাম, বি-কিপার ও মধু প্রস্তুকারক, আমডাঙা*

আমি গত ২০ বছর ধরে মৌমাছি পালন ও মধু সংগ্রহের কাজ করছি। আমি বাবার কাছ থেকে এই কাজ শিখেছি। পরে এ বিষয়ে পড়াশোনা করেছি, বিভিন্ন জায়গায় ট্রেনিং নিয়েছি। পাঞ্জাব, দিল্লি ও অন্য জায়গায় গিয়ে দেখে এসেছি সেখানে এই কাজ কী করে হয়। ঠিক মতো করতে পারলে এই ব্যবসায় যথেষ্ট অর্থ উপার্জন করা যায়। পাশাপাশি মৌমাছি প্রতিপালনের জন্য অন্যান্য চাষেও ফলন বাড়ে। মৌমাছিরা ফুলের পরাগ-মিলন ঘটিয়ে বনজ ও কৃষিজ ফসলের উৎপাদন বাড়িয়ে দেয়। সে দিক থেকে দেখলে এটা মহান পেশা। কিন্তু এই ব্যবসা করার জন্য মনস্থির করলে, আগে ভালো করে বিষয়টা বুঝে নিতে এবং শিখে নিতে হবে। এই ব্যবসায় বিনিয়োগ করতে হয় একবারই। তবে শুধু অর্থ উপার্জনের দিকে লক্ষ্য রেখে নয়, কাজটা ভালোবেসে করতে হবে।

মরশুমে বিভিন্ন জায়গায় বাক্স নিয়ে যাই। শীতের সময় গিয়েছিলাম মুর্শিদাবাদে। সরষে খেতের পাশে বাক্স রাখা হয়। সেখানে মৌমাছি ছেড়ে দেওয়া হয়। এক-একটা বাক্সে প্রায় তিন-চার লাখ মৌমাছি থাকে। আর সর্ষের পর তিলের সিজন। তারপরে অনেকটা সময় ফাঁকা থাকে। অনেকেই হয়তো মৌমাছির কামড়ের ভয়ে পিছিয়ে যেতে পারেন। কিন্তু এই কাজ করার সময় হেডনেট, গ্লাভস ইত্যাদি আত্মরক্ষার সরঞ্জাম থাকে। প্রশিক্ষণ নিলে দক্ষতার সঙ্গে কী ভাবে কাজ করতে হবে সেটা জানা হয়ে যায়।

অনেকেই আমাদের সঙ্গে কাজ করেন। বাক্স নিয়ে মধু সংগ্রহ করে আমাদের দিয়ে দেন, আমরা সেখান থেকে মধু উৎপাদন করি। এর জন্য আমাদের একটি সংস্থাও আছে। সেখানেও অনেকে কাজ করেন। অনেকে আবার প্রশিক্ষণ নিয়ে স্বাধীন ভাবে কাজ করেন। শুধু মধু নয়, মোম তৈরি হয় চাক থেকে। যাঁরা প্রশিক্ষণ নেন, তাঁদের কাজের সময় কোনও সমস্যা হলে আমরা আন্তরিক ভাবে সমস্যা সমাধানের চেষ্টা করি। বেকার যুবক-যুবতীরা এই কাজে অবশ্যই এগিয়ে আসুন। এতে যেমন আপনার রোজগার হবে, তেমনই প্রকৃতির ভারসাম্য রক্ষার কাজেও আপনি সামিল হবেন।

# লাল বাহাদুর শাস্ত্রী ইউনিভার্সিটিতে প্রফেসর

বিভিন্ন বিভাগে ৩২ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে শ্রী লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল সংস্কৃত ইউনিভার্সিটি। এটি একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 02/2022. যাঁরা বিজ্ঞপ্তি নম্বর 01/2021 অনুসারে পূর্বে দরখাস্ত করেছিলেন, তাঁদের পুনরায় আবেদন করতে হবে।

প্রফেসর নিয়োগ করা হবে এই সমস্ত বিভাগে: এডুকেশন ও পৌরোহিত্য।

অ্যাসোসিয়েট প্রফেসর নিয়োগ করা হবে এই সমস্ত বিভাগে: এডুকেশন, ব্যাকরণ, জ্যোতিষ, অদ্বৈত বেদান্ত, বিশিষ্ট অদ্বৈত, যোগ, ধর্মশাস্ত্র, সাহিত্য ও পুরাণেতিহাস।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ করা হবে এই সমস্ত বিভাগে: এডুকেশন, পৌরোহিত্য, ধর্মশাস্ত্র, অদ্বৈত বেদান্ত, যোগ, প্রাকৃত, সাংখ্য যোগ, বেদ, বাস্তুশাস্ত্র, ব্যাকরণ, রাষ্ট্রবিজ্ঞান।

ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (তফসিলি, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

শিক্ষাগত যোগ্যতা, আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.slbsrsv.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৬ জুন। অনলাইন দরখাস্তের প্রিন্ট আউট-সহ প্রয়োজনীয় নথিপত্র ১৩ জুনের মধ্যে নির্দিষ্ট ঠিকানায় পৌঁছতে হবে।

# আর্মিতে ইঞ্জিনিয়ার

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৩২ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করবেন। ১৩৬তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২৩-এর জানুয়ারিতে।

**মোট শূন্যপদ** ৩৪টি। শাখানুসারে শূন্যপদ: **সিভিল**: ৯টি। **মেকানিক্যাল**: ৬টি। **ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স**: ৩টি। **কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/এম এসসি কম্পিউটার সায়েন্স**: ৮টি। **ইনফর্মেশন টেকনোলজি**: ৩টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন**: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। কম্পিউটার সায়েন্স শাখার ক্ষেত্রে এম এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

ফাইনাল ইয়ারের ছাত্ররাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স**: ১-১-২০২৩ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০৩-এর মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের জন্য। প্রথম বার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেল ভাড়া পাওয়া যাবে।

১৩৬তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মেয়াদ ৪৯ সপ্তাহ। দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতন নির্দিষ্ট মাসিক ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৯ জুন পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর পাওয়া যাবে। এর পর রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো সেঁটে দেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

দৈহিক মাপজোক, দৃষ্টিশক্তি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নবম-দশমের নিয়োগ নিয়ে জটিলতা বাড়ল

**নিজস্ব প্রতিনিধি**: এ রাজ্যের সরকারি ও সরকারি সহায়তা প্রাপ্ত স্কুলগুলিতে নবম-দশম শ্রেণির শিক্ষক নিয়োগের প্রক্রিয়া আপাতত স্থগিত রাখার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। উল্লেখ্য, ৫ মে মন্ত্রিসভার বৈঠকের পর নতুন শূন্যপদ সৃষ্টি করে নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের কথা জানিয়েছিল রাজ্য সরকার। ছ'বছর পর ফের রাজ্যে সহকারী শিক্ষক নিয়োগের জন্য পরীক্ষা নেওয়া হবে বলেও এদিন জানানো হয়েছিল। ১২ মে কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় নির্দেশ দেন, আগামী ১৭ জুন পর্যন্ত নতুন ভাবে নবম-দশম শ্রেণির শিক্ষক নিয়োগে পদক্ষেপ করতে পারবে না স্কুল সার্ভিস কমিশন (এস এস সি)।

যে-মামলার প্রেক্ষিতে হাই কোর্টের এই নির্দেশ, সেটি ২০১৬ সালের শিক্ষক নিয়োগের পরীক্ষা (এস এল এস টি) সংক্রান্ত। নিয়োগে অনিয়ম হয়েছে দাবি করে পৃথক ভাবে মামলা করেছিলেন ইতিহাস ও জীবন বিজ্ঞানের দুই চাকরিপ্রার্থী। তাঁদের অভিযোগ, প্যানেলে তাঁদের নীচে নাম থাকা ব্যক্তির চাকরি হয়েছে। ১২ মে দু'টি মামলারই শুনানির পর বিচারপতি গঙ্গোপাধ্যায় বলেন, ২০১৬ সালের এস এল এস টি পরীক্ষার ফল কমিশনকে বিশদে প্রকাশ করতে হবে। অর্থাৎ নবম-দশম শ্রেণির সব বিষয়ের চাকরিপ্রার্থীরা শিক্ষাগত যোগ্যতা, পেশাদারি যোগ্যতা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে কত নম্বর করে পেয়েছেন তা জানাতে হবে এস এস সি-কে। উল্লেখ্য, ২০১৬ সালের এস এল এস টি-র মেধাতালিকা প্রকাশ করেছিল এস এস সি। নম্বর বিভাজন না থাকা সেই তালিকা থেকেই প্যানেলের নীচে থাকা প্রার্থীরা নিয়োগ পান বলে অভিযোগ ওঠে। সেই তালিকা ওয়েবসাইট থেকে পরে সরিয়ে দেয় কমিশন। আদালতের নির্দেশের পর প্রার্থী যে-ফর্ম পূরণ করেছিলেন তাও প্রকাশ করতে হবে কমিশনকে। তাতে বোঝা যাবে, ফর্মের সঙ্গে এস এস সি-র দেওয়া নম্বরের গরমিল আছে কিনা।

উল্লেখ্য, এস এস সি-র মাধ্যমে গ্রুপ-সি, গ্রুপ-ডি এবং নবম-দশম শ্রেণির শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে সি বি আই তদন্তের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। সি বি আই তদন্তের নির্দেশে স্থগিতাদেশ দিয়েছিল হাই কোর্টের ডিভিশন বেঞ্চ।

## কর্মক্ষেত্র শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**গ্রুপ D পদে কর্মী নিয়োগ**

**বিনা ডোনেশানে Airport ও ব্যাঙ্ক, Ex-**আর্মিদের কাজের সুবিধা। ৮ম-স্নাতক, বেতন: 23,500/- – 47,400/-, থাকা খাওয়া ফ্রি, M: 97337-50359.

□

**ফোন করলেই চাকরি**

**Govt. R-No.- 5783** বিনা ডোনেশনে Airport ও Bank (DSA)-তে অষ্টম /স্নাতক M/F 278 জন কর্মী নিচ্ছে। বেতন: 17,400/- – 42,900/-, থাকা খাওয়া ফ্রি। Ex-আর্মি বিশেষ সুবিধা। M: 97337-51641.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

মেডিসিন ড্রাইফুড বিস্কুট কোং-তে প্যাকিং ও লেবেলিং কর্মী চাই। বেতন: 11,200/- – 16,500/-, OT + বোনাস। M: 83278-79970.

□

**Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে** চেকিং, SV, টোকেনবয়, Peon, খাবার প্যাকিং, সাফাইকর্মী পদে M/F চাই। বেতন : 17K - 25K + O.T থাকা ও খাওয়া ফ্রি। Ex আর্মি আবেদনযোগ্য। M : 82760-53580.

□

### কর্মখালি

**প্রাঃ বাঙ্কে স্থায়ী জব**

**W.B. L/c No.: Kol-50W85** পঃ বাংলার বিভিন্ন প্রান্তে Bank-এ Back Office এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর Male/ Female জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Helf: 85360-91968.

□

**কাস্টঃ কেয়ার স্থায়ী পদে**

ও প্রাঃ ব্যাঙ্কের ব্যাক অফিস চ্যাট প্রসেস-এ স্থায়ী কাজের জন্য পঃবঙ্গের বিভিন্ন জেলা থেকে MP-স্নাতক (18-35), 75 জন বাংলাভাষী স্মার্ট ছেলে-মেয়ে চাই। বেতন, ESI, PF, OT-সহ 15,500/- – 25,500/-. থাকা-সহ অন্যান্য সুবিধা। IFA, Kol-135, M: 87777-30743 / 73658-34373.

### স্কুল-কলেজ শিক্ষা

**ADMISSION NOTICE**

**Admission for 6 months DGS** approved residential pre sea training for GP rating course commencing from 01.07.2022 for entry into Merchant Navy, Require 40% in English & 40% in aggregate in 10th final exam. for details contact MAJ Office, Nabik Griha, D. H. Road, Kol-38, Mobile No.: 98306-17842. Total Fees Rs. 1.6 Lakhs only.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

## ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সার্ভিসেস বোর্ড, মুম্বই
## RESERVE BANK OF INDIA SERVICES BOARD, MUMBAI

www.rbi.org.in

Advt. No. 1/2022-23

1. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে নিম্নলিখিত পদগুলিতে নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

| ক্রঃ নং | পদ | খালি পদের সংখ্যা |
|---|---|---|
| | প্যানেল বর্ষ 2021 | |
| 1 | গ্রেড 'এ' পদমর্যাদায় কিউরেটর | 01 |
| 2 | পূর্ণ সময়ের চুক্তিতে স্থপতি (আর্কিটেক্ট) | 01 |
| 3 | গ্রেড 'এ' পদমর্যাদায় অগ্নি-নির্বাপন আধিকারিক (ফায়ার অফিসার) | 01 |

2. অন্য সকল বিশদ তথ্য যেমন যোগ্যতার মাপকাঠি, সংরক্ষিত খালি পদ, বাছাই-এর পদ্ধতি, অনলাইন আবেদন পেশ এবং অন্যান্য নির্দেশবিধি-র জন্য অনুগ্রহ করে ব্যাঙ্কের ওয়েবসাইট (www.rbi.org.in)-এ মে 23, 2022 তারিখে এবং এমপ্লয়মেন্ট নিউজ/রোজগার সমাচার-এর মে 21, 2022 তারিখাঙ্কিত সংখ্যা/তার পরবর্তী সংখ্যায় প্রকাশিতব্য বিস্তারিত বিজ্ঞাপন দেখুন। প্রার্থীগণ এই সকল পদের জন্য **কেবলমাত্র অনলাইন পদ্ধতিতে ব্যাঙ্কের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারেন।**

3. **গুরুত্বপূর্ণ তারিখ:**

| | |
|---|---|
| **অনলাইন আবেদন লিঙ্ক:**<br>**প্রার্থীগণ কর্তৃক অনলাইন আবেদন দাখিল করার জন্য ওয়েবসাইট লিঙ্ক খোলা হবে**<br>অনলাইন আবেদন দাখিল করার শেষ তারিখ | মে 23, 2022<br>জুন 13, 2022 |
| গ্রেড 'এ' পদমর্যাদায় অগ্নি-নির্বাপন আধিকারিক-এর ক্ষেত্রে অনলাইন পরীক্ষা | জুলাই 09, 2022 |

**উল্লেখ্য:** উপরোক্ত বিজ্ঞাপনের কোনও সংশোধন যদি জারি করা হয় তবে তা কেবলমাত্র ব্যাঙ্কের ওয়েবসাইটেই প্রকাশিত হবে। (এই বিজ্ঞাপনের হিন্দি সংস্করণ দৈনিক জাগরন, দৈনিক ভাস্কর, রাজস্থান পত্রিকা এবং নবভারত টাইমস-এ পাওয়া যাবে)

## FDDI
**FOOTWEAR DESIGN & DEVELOPMENT INSTITUTE**
Ministry of Commerce & Industry, Government of India
**An Institution of National Importance under FDDI Act 2017**

### ADMISSION OPEN
### COURSES

**B.DES. (BACHELOR OF DESIGN)**

- B.DES. IN FOOTWEAR DESIGN & PRODUCTION (B.DES-FDP)
- B.DES. IN FASHION DESIGN (B.DES-FD)
- B.DES. IN LEATHER GOODS & ACCESSORIES DESIGN (B.DES-LGAD)

Duration 4 years (Full Time)
Eligibility : 12th
100% Placement assistance

**1. CERTIFICATE PROGRAM IN FOOTWEAR MANUFACTURING TECHNOLOGY (NON LEATHER)**
- Duration : 6 Months (Full time)

**2. CERTIFICATE PROGRAM IN FOOTWEAR MANUFACTURING TECHNOLOGY (NON LEATHER)**
- Duration : 6 Months (Part time)

**3. EXECUTIVE DEVELOPMENT PROGRAM (NON LEATHER FOOTWEAR)**
- Duration : 1 Year (Full time)

**For admission contact : 9007222113, 9830718936**

FDDI- KOLKATA LEATHER COMPLEX GATE NO.03, KARAIDANGA, SOUTH 24 PARHGANA WEST BENGAL 743502. WWW.fddiindia.com

## CHITTARANJAN NATIONAL CANCER INSTITUTE
**2nd Campus-Street No.299, Plot No.DJ-01, Premises No.02-0321, Action Area ID, New Town, Kolkata-700156**

**Advt. No. N-192/2022**

Director CNCI, Kolkata invites application for filling up the following post through Walk-in-interview on contractual basis for the Hospital of this Institute.

| Sl. No. | Name of Post | Remuneration | Number of post | Age | Mode of Recruitment |
|---|---|---|---|---|---|
| 1. | INFORMATION TECHNOLOGY ENGINEER | Consolidated salary Rs.85000/- | 1 | Not exceeding 40 years | Purely on Contractual Basis |
| 2. | JUNIOR DIETICIAN | Consolidated salary Rs.52000/- | 1 | Not exceeding 32 years. | Purely on Contractual Basis |

Date of Walk-in-interview **26-05-2022** from **12.30 P.M** onwards. Details of the advertisement will be available on CNCI Website https://cnci.ac.in.

**Director**

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৩ এপ্রিল-৩০ এপ্রিল

**২৩ এপ্রিল** উত্তরপ্রদেশের প্রয়াগরাজে দু'বছরের শিশু-সহ একই পরিবারের পাঁচজনকে হত্যা করে আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগ উঠল অজ্ঞাতপরিচয় আততায়ীর বিরুদ্ধে। পাঁচ বছরের একটি শিশু কোনওক্রমে প্রাণে বেঁচে যায়। যোগী শাসনে উত্তরপ্রদেশের আইন-শৃঙ্খলার অবনতি নিয়ে আবারও প্রশ্ন তুলেছে সমাজবাদী পার্টি (সপা), বহুজন সমাজ পার্টি (বসপা), তৃণমূলের মতো বিরোধী দলগুলি। মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ দ্রুত ও নিরপেক্ষ তদন্তের ব্যাপারে জেলাশাসক ও রাজ্যের পুলিশকর্তাদের নির্দেশ দিয়েছেন।

**আগামী সপ্তাহগুলিতে দেশে করোনা** আক্রান্তের সংখ্যা আরও বাড়তে পারে বলে হুঁশিয়ারি দিল কেন্দ্র। পরিস্থিতি মোকাবিলায় তোড়জোড়ও শুরু করেছে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক। দেশের সব প্রান্তের কোভিড পরিস্থিতির দিকে আবারও কড়া নজর রাখার সিদ্ধান্ত নিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মাণ্ডব্যের নেতৃত্বাধীন উচ্চপদস্থ আমলারা। প্রতিদিন কতজন মানুষকে কোভিডজনিত কারণে হাসপাতালে ভর্তি করতে হচ্ছে সব রাজ্য থেকেই সে ব্যাপারে তথ্য সংগ্রহ করার সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রক।

**২৪ এপ্রিল** ভারতীয় জীবন বীমা সংস্থা এলআইসি-র সাড়ে তিন শতাংশ অংশীদারিত্ব বিক্রি করে ২১ হাজার কোটি টাকা তোলার লক্ষ্যমাত্রা নিল কেন্দ্র। ইউক্রেনের যুদ্ধ এবং গোটা বিশ্বের পাশাপাশি ভারতের শেয়ার বাজারের উপর তার বিরূপ প্রভাবের কারণে এলআইসি তাদের পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী পাঁচ শতাংশ অংশীদারিত্ব বিক্রির সিদ্ধান্ত থেকে সরে এসে তা ৩.৫ শতাংশ করল। কেন্দ্রের এই সিদ্ধান্তে অনুমোদন দিয়েছে এলআইসি-র পরিচালন পর্ষদ।

**২৫ এপ্রিল** ৪৪ বিলয়ন ডলারে এলন মাস্কের টুইটার কেনার প্রস্তাব গ্রহণ করল টুইটার কর্তৃপক্ষ। অর্থাৎ টুইটারের মালিকানা পেয়ে গেলেন এলন মাস্ক। শেয়ার পিছু ৫৪.২০ ডলার দরে টুইটার কেনার প্রস্তাব দিয়েছিলেন এই ধনকুবের। চুক্তি চূড়ান্ত হওয়ার পরে মাস্ক বলেন, 'গণতন্ত্রের ভিত্তিভূমি হল বাক স্বাধীনতা। টুইটার হল সেই ভূমি যেখানে মানবসভ্যতার ভবিষ্যতের গুরুত্বপূর্ণ দিকগুলি নিয়ে বিতর্ক এবং আলোচনা চলে।' টুইটারকে তিনি সর্বকালীন সেরা উচ্চতায় নিয়ে যেতে চান বলেও জানান মাস্ক।

**আসামের কোকরাঝাড় পুলিশের আনা** সাম্প্রদায়িক উস্কানির অভিযোগ সংক্রান্ত মামলায় জামিন পেলেও গুজরাটের নির্দল বিধায়ক জিগ্নেশ মেবাণীর বিরুদ্ধে এবার দায়ের হল মহিলা পুলিশের প্রতি অশ্লীল উক্তি, অশোভন স্পর্শ ও হেনস্থার অভিযোগ। ফলে আদালতে জামিন পেলেও আসাম পুলিশের হেফাজতেই থাকতে হল তাঁকে। আদালত থেকে বেরনোর পরে জিগ্নেশ বলেন, 'এ সবই বিজেপি ও আরএসএসের ষড়যন্ত্র। তারা রোহিত ভেমুলার সঙ্গে এই একই কাজ করেছে। এখন নিশানা করা হয়েছে আমায়। কিন্তু এভাবে ভুয়ো মামলায় আমার ভাবমূর্তি একেবারেই নষ্ট করা যাবে না।'

**২৬ এপ্রিল** ছোটদের জন্য জরুরি ভিত্তিতে ব্যবহারের দু'টি টিকাকে ছাড়পত্র দিল ডিসিজিআই। এই টিকা দু'টি হল কোভ্যাক্সিন ও করবিভ্যাক্স। ৬ থেকে ১২ বছর বয়সিদের জন্য কোভ্যাক্সিন এবং ৫ থেকে ১২ বছর বয়সিদের জন্য করবিভ্যাক্স দেওয়ার অনুমতি মিলেছে। তবে কবে থেকে সরকার টিকাকরণ শুরু করবে বা তার দামই বা কত হবে সে বিষয়ে অবশ্য কিছু জানানো হয়নি।

**দেশের কোনও রাজ্যে আয়োজিত ধর্ম** সংসদে কোনওভাবেই যেন বিদ্বেষমূলক মন্তব্য স্থান না পায়, রাজ্যগুলিকে তা নিশ্চিত করতে বলল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের বিচারপতি এ এম খানউইলকরের নেতৃত্বাধীন বেঞ্চ জানিয়েছে এই নির্দেশের পরেও যদি কোনওভাবে কোনও রাজ্য আয়োজিত ধর্ম সংসদে অন্য কোনও ধর্মের প্রতি বিদ্বেষমূলক মন্তব্য করা হয় তা হলে তার দায় নিতে হবে সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যসচিবকে।

**২৭ এপ্রিল** সারা বিশ্বে জনপ্রিয় ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্সের সঙ্গে **গাঁটছড়া বাঁধল কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক।** নেটফ্লিক্সের কারিগরি সহায়তায় দেশের বিভিন্ন প্রান্তে আয়োজিত শিবিরে অ্যানিমেশন, ভিস্যুয়াল এফেক্টস, মিউজিক ভিডিয়ো তৈরি, সিনেমা, সিরিয়াল ইত্যাদির কারিগরি দক্ষতা বিষয়ক প্রশিক্ষণের সুযোগ নিতে পারবেন আগ্রহীরা। এছাড়া ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তিতে সাতজন ভারতীয় মহিলার উল্লেখযোগ্য সাফল্য নিয়ে স্বল্পদৈর্ঘ্যের তথ্যচিত্র তৈরি করছে নেটফ্লিক্স যা আগামী দিনে দূরদর্শনে দেখানো হবে বলে জানিয়েছেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচারমন্ত্রী অনুরাগ ঠাকুর।

**২৮ এপ্রিল** প্রবীণ সাংবাদিক তথা কলকাতা প্রেস ক্লাবের প্রাক্তন সভাপতি শ্যামলবরণ রায়ের (৫৯) জীবনাবসান হল। দীর্ঘদিন প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়া (পিটিআই)-র হয়ে কাজ করেছেন তিনি। স্বেচ্ছাবসর নিয়ে বই প্রকাশনী সংস্থার সঙ্গে যুক্ত ছিলেন। ২০০৮-২০০৯-এ তিনি কলকাতা প্রেস ক্লাবের সভাপতি নির্বাচিত হয়েছিলেন।

**রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা অজয়** চক্রবর্তীকে আচমকাই সরিয়ে দেওয়া হল পদ থেকে। এদিন স্বাস্থ্যসচিবের সই করা এক নির্দেশে তাঁকে স্বাস্থ্যভবন থেকে শিলিগুড়ির উত্তরকন্যায় বদলি করা হয়েছে ওএসডি বা অফিসার অন স্পেশ্যাল ডিউটি (উত্তরবঙ্গ) হিসেবে। আপাতত স্বাস্থ্য অধিকর্তার অতিরিক্ত দায়িত্ব সামলাবেন বর্তমানে স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা (হাসপাতাল প্রশাসন ও পরিকল্পনা) পদে কর্মরত সিদ্ধার্থ নিয়োগী।

**২৯ এপ্রিল** ভারত ও বাংলাদেশের মধ্যে যোগাযোগ বাড়াতে চট্টগ্রাম বন্দর যাতে ভারতের উত্তর-পূর্বের রাজ্যগুলি ব্যবহার করতে পারে সেই প্রস্তাব দিলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে ঢাকায় এক বৈঠকে শেখ হাসিনা এই প্রস্তাব দিয়েছেন বলে খবরে প্রকাশ। পরে জয়শঙ্কর এক বার্তায় লেখেন, 'আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক দুই রাষ্ট্রনেতার নেতৃত্বে ক্রমে আরও জোরদার হচ্ছে।

**আসাম পুলিশের এক মহিলা** কনস্টেবলকে হেনস্থার মামলায় জামিন পেলেন জিগ্নেশ মেবাণী। তাৎপর্যপূর্ণভাবে হেনস্থার এই মামলাটিকে 'সাজানো' বলেই উল্লেখ করেছে আদালত। উল্লেখ্য, প্রধানমন্ত্রীর বিরুদ্ধে আপত্তিকর টুইট করার অভিযোগে জিগ্নেশকে গ্রেপ্তার করা হয়। সেই মামলায় জামিন পাওয়ার পর মহিলা কনস্টেবলকে 'হেনস্থা' করার অভিযোগে আবারও গ্রেপ্তার করা হয় তাঁকে।

**৩০ এপ্রিল** তৃণমূল ত্যাগ করে বিজেপি-তে যোগদান করা বর্ষীয়ান রাজনীতিবিদ দীনেশ ত্রিবেদীকে সংসদের লাইব্রেরির ডিজিটাইজেশনের দায়িত্ব দেওয়া হল। একইসঙ্গে তাঁকে সংসদীয় কক্ষের কার্যপ্রণালী এবং নথির ডিজিটাইজেশন এবং মাইক্রো ফিল্মিং পর্যবেক্ষণের দায়িত্ব দেওয়া হয়েছে। দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা সম্পন্ন প্রাক্তন সাংসদ এবং প্রাক্তন রেলমন্ত্রী দীনেশ ত্রিবেদী তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দিলেও এখনও পর্যন্ত ফিরতে পারেননি সংসদে।

**স্বরাষ্ট্র বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির** নতুন চেয়ারম্যান মনোনীত হলেন কংগ্রেসের রাজ্যসভার সাংসদ অভিষেক মনু সিংভি। দীর্ঘদিন ধরে এই পদে ছিলেন প্রবীণ কংগ্রেস সাংসদ আনন্দ শর্মা। ২ এপ্রিল তাঁর রাজ্যসভার সাংসদ পদের মেয়াদ শেষ হয়ে যায়। তাঁরই স্থলাভিষিক্ত হলেন অভিষেক।

## তৃতীয় বিশ্বযুদ্ধের হুঁশিয়ারি মস্কোর



**২৬ এপ্রিল:** আমেরিকা তথা ন্যাটো যেভাবে ইউক্রেনকে লাগাতার সমরাস্ত্র ও অর্থ দিয়ে চলেছে তাতে পরিস্থিতি পরমাণু যুদ্ধের দিকে যেতে পারে বলে হুঁশিয়ারি দিলেন রুশ বিদেশমন্ত্রী সের্গেই লাভরভ। কয়েকদিন আগেই ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেন, পরমাণু যুদ্ধের প্রস্তুতি নিচ্ছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। যে-কোনও সময়ে হামলা হতে পারে। তবে এদিন ইউক্রেনের সরকারি বার্তায় রাশিয়ার হুঁশিয়ারিকে নাকচ করে দিয়ে বলা হয়েছে, 'মস্কোর এই ভয় দেখানো আসলে তাদের দুর্বলতারই প্রমাণ। রাশিয়া বুঝে গিয়েছে যে, বাকি বিশ্ব ইউক্রেনকেই সমর্থন করছে।'

## করাচি বিশ্ববিদ্যালয় চত্বরে গাড়িবোমা বিস্ফোরণ



**২৬ এপ্রিল:** পাকিস্তানের করাচি বিশ্ববিদ্যালয় চত্বরে গাড়ি-বোমা বিস্ফোরণে তিন জন চিনা নাগরিক-সহ চারজনের প্রাণ গেল। গুরুতর জখম অনেককেই হাসপাতালে ভর্তি হতে হয়েছে। প্রাথমিক তদন্তের পর করাচি পুলিশ জানিয়েছে আত্মঘাতী বিস্ফোরণ ঘটিয়েছে কোনও এক মহিলা। বালোচ লিবারেশন আর্মি (বিএলএ) হামলার দায় স্বীকার করেছে। চিনাদের লক্ষ্য করেই এই হামলা বলে মনে করা হচ্ছে। পাক সাংবাদ মাধ্যমের দাবি করাচি বিশ্ববিদ্যালয়ে চিনের তৈরি কনফুসিয়াস ইনস্টিটিউট ঘিরে চিনা শিক্ষা ও সংস্কৃতির প্রভাবের বিরুদ্ধাচরণ করতেই এই হামলা। চিন এই ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। জঙ্গিদের দ্রুত শাস্তির পাশাপাশি পাকিস্তানে থাকা চিনা নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করার বার্তাও দিয়েছে বেজিং।



"এই আইনের অপব্যবহার রুখতে রাজ্যগুলিকে নির্দেশ দিতে পারে ভারত সরকার। পুনর্বিবেচনা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত এই ধারাটি ব্যবহার করা উচিত হবে না। আমরা আশা করব, ততদিন পর্যন্ত কেন্দ্র এবং রাজ্যের সরকারগুলি ১২৪এ ধারায় এফআইআর দায়ের করা থেকে বিরত থাকবে এবং এর আওতায় কোনও আইনি প্রক্রিয়া শুরু করা হবে না।"

**প্রধান বিচারপতি এন ভি রমণা**

কেন্দ্র সরকার রাষ্ট্রদ্রোহ আইন পুনর্বিবেচনা করছে। কিন্তু তা না-হওয়া পর্যন্ত এই আইন আপাতত মুলতুবি থাকবে জানিয়ে

## কংগ্রেসে যোগদানের প্রস্তাব ফেরালেন পিকে



**২৬ এপ্রিল:** ভোটকুশলী প্রশান্ত কিশোরের কংগ্রেসে যোগ দেওয়ার সম্ভাবনার কথা খারিজ করল দুতরফই। কিছুদিন ধরেই জল্পনা চলছিল পিকে কংগ্রেসে যোগ দিতে পারেন। কিন্তু কংগ্রেস মুখপাত্র রণদীপ সিং সুরজেওয়ালা জানান পিকে-কে কংগ্রেসে যোগদানের প্রস্তাব দেওয়া হলেও তিনি তা খারিজ করে দিয়েছেন। এরপরই পিকে নিজেই এক টুইট বার্তায় জানান, 'বিশেষ ক্ষমতাপ্রাপ্ত গোষ্ঠীর অংশ হিসেবে দলে যোগদান এবং নির্বাচনের দায়িত্ব নেওয়ার যে আন্তরিক প্রস্তাব দিয়েছিল কংগ্রেস, তা আমি প্রত্যাখ্যান করেছি। আমি মনে করি, আমার থেকেও (এই দলের) বেশি প্রয়োজন নেতৃত্ব ও সম্মিলিত সদিচ্ছা, যার মাধ্যমে দলের মধ্যে যে গভীর গঠনগত সমস্যা রয়েছে তার সংস্কার করা সম্ভব হবে।'

## বিচার ব্যবস্থায় হস্তক্ষেপের 'লক্ষ্মণরেখা' নিয়ে সরব প্রধান বিচারপতি



**৩০ এপ্রিল:** বিচার ব্যবস্থায় সরকারি হস্তক্ষেপ নিয়ে সরব হলেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এন ভি রমণা। নয়াদিল্লিতে 'জয়েন্ট কনফারেন্স অব চিফ মিনিস্টার্স অ্যান্ড চিফ জাস্টিসেস' সম্মেলনে প্রধান বিচারপতি বলেন, 'সংবিধান রাষ্ট্রের তিনটি অঙ্গের মধ্যে ক্ষমতার বিভাজন করে দিয়েছে। যুক্তরাষ্ট্রীয় গণতান্ত্রিক ব্যবস্থায় সরকার, সংসদ এবং বিচার ব্যবস্থার মধ্যে ক্ষমতার পৃথকীকরণ রয়েছে। তিনটি অঙ্গের মধ্যে সামঞ্জস্য গণতন্ত্রকে শক্তিশালী করে। তাই নিজ নিজ দায়িত্ব পালনের সময়ে আমাদের সকলেরই লক্ষ্মণরেখা সম্পর্কে সচেতন থাকা উচিত।'

## অবসর ঘোষণা কিয়েল্লিনির



**২৬ এপ্রিল:** আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত নিয়ে ফেললেন ইতালির তারকা ফুটবলার জিওর্জিও কিয়েল্লিনি। ৩৭ বছর বয়সি ডিফেন্ডার ১১৬টি ম্যাচ খেলেছেন ইতালির জার্সি গায়ে। আগামী জুনে ওয়েম্বলিতে শেষ ম্যাচটি খেলতে নামবেন তিনি। কোপা আমেরিকা জয়ী আর্জেন্তিনা ও ইউরো জয়ী ইতালি মুখোমুখি হবে ওয়েম্বলিতে। ২০০৪ সালে ইতালির হয়ে আন্তর্জাতিক ফুটবলে অভিষেক হয়েছিল তাঁর।

## কারাদণ্ড বেকারের



**২৯ এপ্রিল:** প্রাক্তন টেনিস নক্ষত্র বরিস বেকারের আড়াই বছরের জেল হল। যাতে ঋণ শোধ করতে না হয় তার জন্য ২৫ লক্ষ পাউন্ডের সম্পত্তি লুকিয়ে নিজেকে দেউলিয়া ঘোষণা করেছিলেন প্রাক্তন উইম্বলডন চ্যাম্পিয়ন ও ছ'বারের গ্র্যান্ডস্লামজয়ী বেকার। মাত্র ১৭ বছর বয়সে লন্ডনেই উইম্বলডন জিতে সবার নজর কেড়েছিলেন তিনি। এদিন সেই শহরের আদালতেই জেলের ঘোষণা হল বেকারের জন্য।

## মলোকাই জয়ের নজির গড়লেন সায়নী



**২৯ এপ্রিল:** এশিয়ার প্রথম মহিলা সাঁতারু হিসেবে হাওয়াই দ্বীপপুঞ্জের মলোকাই চ্যানেল পার করলেন বাংলার সায়নী দাস। প্রায় ১৯ ঘণ্টা সাঁতার কেটে ৪১.৮ কিলোমিটারের সমুদ্র অভিযান সাফল্যের সঙ্গে শেষ করেন তিনি। এর আগে বাংলার বুলা চৌধুরির সপ্তসাগর পার করার নজির রয়েছে। সায়নীও সেই পথেই এগোচ্ছেন। মলোকাই নিয়ে তাঁর চারটি চ্যানেল পার করা হয়ে গেল। ২০১৭-য় তিনি ইংলিশ চ্যানেল পেরোন। তারপর অস্ট্রেলিয়ার রটনেস্ট চ্যানেল ও আমেরিকার ক্যাটালিনাও জয় করেন।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## শনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটে বিদ্যুৎ সরবরাহ ও দ্যুৎ বন্টনের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি

দ্যুৎ সরবরাহ ও বিদ্যুৎ বন্টনের (ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম) তকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে পাওয়ার সিস্টেম ট্রেনিং ইনস্টিটিউট। এটি ন্দ্রের শক্তি মন্ত্রকের ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটের অধীনস্থ একটি স্থা। কোর্সটি পড়ানো হবে প্রতিষ্ঠানের ব্যাঙ্গালোর ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২৬ প্তাহ। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**আসনসংখ্যা:** ৬০টি। তফসিলি, ও বি সি, আর্থিকভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। এর মধ্যে ২৫ শতাংশ আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

**কোর্স ফি:** ১,৪৫,০০০ টাকা (জি এস টি-সহ)। হস্টেলে থাকার সুবিধা রয়েছে। হোস্টেল ফি অতিরিক্ত।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nptibangalore.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'PSTI, BANGALORE'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র পৌঁছতে হবে ২২ জুনের মধ্যে এই ঠিকানায়: The Director, National Power Training Institute-PSTI, Subramanyapura Road, Banashankari-II Stage, Bangalore-560 070.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রক্তদাতা উদ্বুদ্ধকরণ ও রক্তবিজ্ঞানের ডিপ্লোমা কোর্স

**নিজস্ব সংবাদদাতা:** সমাজসেবা-রক্তদাতা উদ্বুদ্ধকরণ ও রক্তবিজ্ঞানের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে অ্যাসোসিয়েশন অব ভলান্টারি ব্লাড ডোনার্স ওয়েস্ট বেঙ্গল। মাধ্যমিক পাশ করে থাকলেই আবেদন করা যাবে। প্রার্থীকে অবশ্যই বাংলা লিখতে ও পড়তে জানতে হবে।

তিন মাসের কোর্স। জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত চলবে। প্রতি শনি ও রবি বারে দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস হবে যাদবপুরের ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনে।

১০ টাকার বিনিময়ে সংস্থার অফিস থেকে আবেদনপত্র পাওয়া যাবে। অফিসের ঠিকানা: অ্যাসোসিয়েশন অব ভলান্টারি ব্লাড ডোনার্স ওয়েস্ট বেঙ্গল, ২০এ, ফরডাইস লেন, কলকাতা-৭০০০১৪। আবেদনপত্র সংগ্রহ করার শেষ তারিখ ৪ জুন। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১১ জুন। রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হবে ৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ১৮ জুন। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২২২৭-১০২২/৭৮৮২ (রবিবার বাদে যে-কোনও দিন বিকেল ৬টা থেকে ৮টার মধ্যে)।

## সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিংয়ে ভর্তি

নটিক্যাল সায়েন্সে স্পেশ্যালাইজেশন-সহ ব্যাচেলর অব ফিশারি সায়েন্স এবং ভেসেল নেভিগেটর ও মেরিন ফিটার ট্রেড কোর্সে ভর্তি নিচ্ছে কোচির সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিং। এটি কেন্দ্রের ফিশারিজ, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ডেয়ারিং মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স) কোর্সটি কোচিন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি কর্তৃক অনুমোদিত এবং ডিরেক্টোরেট জেনারেল অব শিপিং কর্তৃক স্বীকৃত। ভেসেল নেভিগেটর ও মেরিন ফিটার ট্রেড কোর্সের ক্ষেত্রে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**কোর্সের বিবরণ: ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স):** আসনসংখ্যা: ৪৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রতিটি বিষয়েই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। **বয়স:** ১-১০-২০২২ তারিখে ১৭ থেকে ২০ বছরের মধ্যে হতে হবে (ল্যাটারাল এন্ট্রির ক্ষেত্রে ২২ বছরের মধ্যে)।

**ভেসেল নেভিগেটর কোর্স (ভি এন সি):** আসনসংখ্যা: ২০টি। **মেরিন ফিটার কোর্স (এম এফ সি):** আসনসংখ্যা: ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। মাধ্যমিকে ম্যাথমেটিক্স এবং সায়েন্সে অন্তত ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ১৫ থেকে ২০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ১,৫০০ টাকা।

সবক'টি কোর্সের ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স) কোর্সের ক্ষেত্রে পরীক্ষা ২ জুলাই। পরীক্ষাকেন্দ্রগুলি হল: কোচি, চেন্নাই এবং বিশাখাপত্তনম। ভি এন সি এবং এম এফ সি কোর্সের ক্ষেত্রে পরীক্ষা ১৬ জুলাই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.cifnet.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ অনলাইন মাধ্যমে দিতে হবে ফিশারি সায়েন্সের ক্ষেত্রে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা), ভি এন সি এবং এম এফ সি কোর্সের ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২০ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Central Institute of Fisheries Nautical & Engineering Training, Fine Arts Avenue, Kochi-682 016.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## দিল্লি পুলিশে হেড কনস্টেবল

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে দিল্লি পুলিশে কয়েকশো হেড কনস্টেবল (মিনি-স্টেরিয়াল) নিয়োগ করা হবে। 'দিল্লি পুলিশ এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়নি এখনও। বিস্তারিত আগামী সংখ্যায়।

## অ্যাটমিক এনার্জি দপ্তরে চাকরি

মেডিক্যাল অফিসার, টেকনিক্যাল অফিসার, টেকনিশিয়ান-সহ বিভিন্ন পদে ২০ জনকে নেবে কেন্দ্রীয় সরকারের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ জেনারেল সার্ভিসেস অর্গানাইজেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GSO/01/2022.

**শূন্যপদের বিবরণ: মেডিক্যাল অফিসার:** জেনারেল ফিজিশিয়ান ১টি, গাইনিকোলজি ১টি, রেডিও-ডায়াগনসিস/রেডিওলজি ১টি, জেনারেল ডিউটি/ক্যাজুয়ালটি ৩টি। **টেকনিক্যাল অফিসার/সি-সিভিল:** ১টি। **নার্স/এ:** ৫টি। **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি:** রেডিওগ্রাফি ১টি, ক্যাটারিং ১টি, ইলেক্ট্রিক্যাল ১টি, সিভিল ২টি, ইলেক্ট্রনিক্স ১টি, কম্পিউটার ১টি। **ফার্মাসিস্ট/বি:** ১টি। টেকনিশিয়ান/ সি-স্যানিটারি ইনস্পেকশন: ১টি। **টেকনিশিয়ান বি:** রিসেপশনিস্ট/ হসপিটালিটি ম্যানেজমেন্ট ১টি, কার্পেন্টার ১টি, ম্যাসন ১টি, ইলেক্ট্রনিক্স ১টি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের শেষ তারিখ ৬ জুন।

বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: www.gso.igcar.gov.in

সবচেয়ে কম খরচে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট
ভর্ত্তির সময় লিখিত JOB গ্যারান্টি পেপার
কোর্স চলাকালীন কোর্স ফি ফেরৎ
হোস্টেল ফ্রি

| | |
|---|---|
| 3 years | Rs. 1,50,000/- |
| 2 years | Rs. 60,000/- |
| 1-6 years | Rs. 45,000/- |
| 1 years | Rs. 30,000/- |
| 9 months | Rs. 22,500/- |

বিদেশ ও ক্রুজে চাকুরী পাওয়ার সুযোগ
www.bshm.co.in
গড়িয়া 9836046860

Repco Home Finance
- We value your Dream

**Repco Home Finance Limited**
Invites applications from dynamic, growth oriented persons for the position of
**CLERICAL CADRE**
**(Trainee/ Executive/ Assistant Manager)**
**MANAGERIAL CADRE**
**(Manager/ Senior Manager/ Chief Manager)**
(Experience in HFC/ NBFC/ Banks would be an added advantage)
For further details and application procedure, visit our website
www.repcohome.com
Last date for receipt of online application
Clerical - 23.05.2022 | Managerial - 30.05.2022

Advt.

# উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিকের পর চাকুরিমুখী ম্যানেজমেন্ট কোর্স পাশ করে দেশ ও বিদেশে চাকরি

মাধ্যমিক কিংবা উচ্চমাধ্যমিকর পর প্রফেশনাল কোর্স করা থাকলে চাকরির ক্ষেত্রে সুবিধা পাওয়া যায়। হাতে কলমে পড়াশোনা হয় বলেই সাধারণ মানের ছাত্রছাত্রীরা প্রফেশনাল কোর্স পাশ করে অনায়াসে চাকরি পেয়ে যায়। বর্তমানে বৃত্তিমূলক শিক্ষার মধ্যে সব থেকে গুরুত্বপূর্ণ কোর্স হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্টের বিভিন্ন কোর্স। সাধারণ মানের ও মেধাবী সব ধরনের ছেলেমেয়েদের বিভিন্ন পদে চাকরির সুযোগ রয়েছে। পাশ করার পর ছাত্রছাত্রীরা দেশ ও বিদেশের খাদ্য তৈরী, খাদ্যের গুণগত মান দেখা, স্টার হোটেল ও হসপিটাল সেক্টরে পরিসেবা প্রদান করার জন্য উপযুক্ত পরিবেশ ও পরিকাঠামো গড়ে তুলতে বিশেষ ভুমিকা পালন করে। সাধারণভাবে উচ্চমাধ্যমিক, মাধ্যমিক পাশ করে বিদেশে পাড়ি দেওয়া যায় একমাত্র হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্টের যে কোন কোর্স করে। যেটা আর অন্য কোন কোর্সের ক্ষেত্রে সম্ভব নয়। তাই আজ অভিভাবকরা ছেলেমেয়েদের হোটেল ম্যানেজমেন্ট কোর্সটি কেরিয়ার হিসাবে বেছে নিতে অনুপ্রানিত করছে। এখন তারা জেনে গেছেন প্রথাগত স্কুল কলেজের শিক্ষার বাইরে বেরিয়ে বৃত্তি মূলক শিক্ষা বেছে নেওয়া জরুরী। আমাদের রাজ্যে এই কোর্স পড়ানো হয় এমন শিক্ষা প্রতিষ্ঠানের অভাব নেই। মধ্যবিত্ত পরিবারের সাধারণ মানের ছাত্রছাত্রীদের নিশ্চিত চাকরির সুযোগ করে সফল কেরিয়ার গড়ার স্বপ্নকে বাস্তবায়িত করে চলেছে ডি এস এম স্কুল অফ ম্যানেজমেন্ট। অল্প খরচে ম্যানেজমেন্ট শিক্ষাক্ষেত্রে ডি এস এম হল সাধারণ পরিবারের ছেলেমেয়েদের কাছে একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান।

এখান থেকে হোটেল, হসপিটাল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট পাশ করে প্রারম্ভিক গড় বেতন বছরে দুই থেকে তিন লক্ষ টাকা এর সঙ্গে অন্যান্য সুযোগ সুবিধা



যেমন পি এফ, গ্র্যাচুইটি, মেডিক্যাল, বিমা, বোনাস, সার্ভিস চার্জ, ওভার টাইম। কিন্তু বিদেশে চাকরির ক্ষেত্রে বেতন কয়েক গুন বেশী। সমগ্র পশ্চিমবাংলা জুড়ে ডি এস এম হোটেল ম্যানেজমেন্ট শিক্ষা ক্ষেত্রে এক আলোড়ন সৃষ্টি করেছে কারণ পড়াশোনার খরচ নাম মাত্র বলা চলে। কোর্স ফি যে কোন সরকারি, বেসরকারি প্রশিক্ষণ কেন্দ্রগুলির তুলনায় খুবই কম কিন্তু শিক্ষার মান, গুরুত্ব, চাকরির সুযোগ সুবিধা অনেক বেশী। এখানে ব্যাচেলার ডিগ্রি কোর্স ফি ১,৫০,০০০ টাকা। মাস্টার ডিগ্রির কোর্স ফি ১,১৫,০০০ টাকা। ডিপ্লোমার কোর্স ফি ৯৫,০০০ টাকা। ১ বছরের ডিএইচও কোর্স ফি ৬০,০০০ টাকা। কোর্স ফি কোর্স ফি সরল (৮ - ১০) কিস্তিতে দেওয়ার সুবিধা রয়েছে।

ডি এস এমের মুখ্য উদ্দেশ্য কম খরচে সাধারণ ঘরের ছেলেমেয়েদের হোটেল ম্যানেজমেন্ট ও অন্যান্য কোর্সের প্রশিক্ষণ দিয়ে দেশে বিদেশে প্রতিষ্ঠিত করা। এখানে রয়েছে নিজস্ব একটি প্লেসমেন্ট সেল। যার কাজই হচ্ছে সারা বছর ধরে দেশ ও বিদেশের বিখ্যাত হোটেল, হস্‌পিটাল, এয়ারলাইন্স এবং বিলাস বহুল জাহাজ সংস্থার ম্যানেজারের সাথে যোগাযোগ রাখা এবং তাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন ডিপার্টমেন্টে চাকরির জন্য ক্যাম্পাস ইন্টারভিউ করানো। তাই চাকরি নিয়ে ছাত্রছাত্রীদের কোন ভাবনা থাকে না।

যেকোনো স্ট্রিম থেকে যারা উচ্চমাধ্যমিক পাশ বা ১০+২ পাশ করেছো তারা ব্যাচেলর ডিগ্রি হোটেল, হস্‌পিটাল এবং হস্‌পিটালিটি ম্যানেজমেন্ট কোর্সের জন্য আবেদন করতে পারো। গ্র্যাজুয়েশনের পর মাস্টার ডিগ্রি কিংবা এমবিএ এবং মাধ্যমিক পাশের পর ডিপ্লোমা, ডিএইচও এবং ৬ মাসের ক্রাফট কোর্সে কোর্স পড়তে পারবে।

উন্নতমানের সুযোগ সুবিধা সহ এই শিক্ষার ব্যবস্থা রয়েছে ডি এস এম স্কুল অফ ম্যানেজমেন্টের ক্যাম্পাসে। সেরা শিক্ষকমন্ডলী যাদের অধিকাংশই প্রায় পৃথিবীর বিভিন্ন দেশের হোটেল শিল্পের সঙ্গে যুক্ত ছিলেন সিনিয়র মোস্ট পজিশনে। এই প্রতিষ্ঠানের প্রতিটিছাত্রছাত্রীর জন্য রয়েছে উচ্চবেতনের চাকরির সাথে সাথে ফাইভস্টার গ্লামার। এককথায় যাকে বলা যায় ফাইভস্টার জীবন যাপনে অভ্যস্ত। সল্টলেকের ক্যাম্পাসটি শিক্ষক ও ছাত্র ছাত্রীদের মেল বন্ধনে ক্যাম্পাসেই গড়ে উঠেছে ম্যানেজমেন্ট শিক্ষার আদর্শ পরিবেশ। নতুন শিক্ষা পদ্ধতি অর্থাৎ ডিজিটাল প্রোজেকশান, পিএ, অডিও এবং ভিডিও সিস্টেমের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হয়। ইন্টার্নশিপ দেওয়া হয়ে থাকে দেশ ও বিদেশের শুধুমাত্র ফাইভস্টার ক্যাটেগরির হোটেলে, হসপিটালে। ক্লাস হয় সোম থেকে শনিবার পর্যন্ত। নিয়মিত থিওরি ও প্র্যাকটিক্যাল ক্লাসের উপর জোর দেওয়া হয়। শুরুতে চাকরি হয় ম্যানেজমেন্ট ট্রেনি, সহকারি ম্যানেজার, ক্যাপটেন, সুপারভাইজার, শেফ, এয়ার হোস্টেস, কেবিন ক্রু, গ্রাউন্ড ক্রু, কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ। শুধুমাত্র হোটেল শিল্পে নয়, হসপিটাল জাহাজ, ট্যুরিজম, রিসর্ট, ইন্টারন্যাশানাল ফুড কোং, রিটেল, মিডিয়া, এয়ার লাইন্স, এয়ারপোর্ট, বিভিন্ন কর্পোরেট সংস্থায় এই শিক্ষায় শিক্ষিত ছেলেমেয়েদের বিশাল কর্ম সংস্থানের সুযোগ রয়েছে।

ভর্তির জন্য ফর্মের দাম ২০০ টাকা। ফর্ম পাওয়া যাবে ডি এস এমের অ্যাডমিশন অফিস কোলকাতা ঙ্গসিবি - ১৩৫, সল্টলেক, সেক্টর - ১, ট্যাঙ্ক নং ২, কোলকাতা - ৬৪ থেকে। কোর্সের বিষয়ে আরো বিস্তারিত জানতে ফোন করতে পার ৯৩৩০৩৯১৬৪৭ নম্বরে অথবা ওয়েবসাইট www.dsmkolkata.com ভিজিট করতে পার।

## উচ্চমাধ্যমিকের পর কোথায় কোন কোর্স করবে এবং ভবিষ্যতে কেরিয়ার সফল করতে পারবে কিনা!

**Innovative Career Foundation**, বহু বৎসরের ন্যায় ২০২২-২৩ সেশনেও সবথেকে ভালো কলেজগুলিতে সরাসরি ভর্ত্তির সুযোগ এনে দিয়েছে। তাই আর দেরী না করে তোমার নিজের ভবিষ্যত সুনিশ্চিত করতে সত্তর যোগাযোগ করো।

**100% Placement Assistance**

**LIMITED SEATS**

## NURSING

- B.Sc Nursing (4yrs)
- P.B.B.Sc Nursing (2yrs)
- GNM (3yrs)

## PRARMACY

- D.Pharma (2yrs)
- B.Pharma (4yrs)
- M.Pharma (2yrs)
- Pharm D (6yrs)



ছেলে ও মেয়ে উভয়ই যোগ্য (17-35 Yr.)

## ALL PARAMEDICAL COURSES & OTHER CAREER CENTRIC COURSES

★ B.Sc. in Agricultue, Bio-Technology etc.

★ BE/ B.Tech in Civil, Mechanical, CS, EE, (West Bengal এর নামী Private College গুলিতে সরাসরি ভর্ত্তির সুযোগ আছে।)

★ Diploma Engg. ও Laterial B.Tech কম প্যাকেজে সরাসরি কলেজে ভর্তি।

★ Bachelor in Hospital Management (3yrs)

✹ LLB (3&5yrs) ✹ MBA,MCA ✹ B.Ed, D.El.Ed etc.

যারা উচ্চমাধ্যমিকে কম নম্বর অথবা আলাদা **Stream** এর জন্য নিজের ইচ্ছা অনুযায়ী কোর্সে ভর্ত্তি হতে পারছো না, তারা **NATIONAL INSTITUTE OF OPEN SCHOOLING (CENTRAL GOVT. OPEN BOARD)** এ ভর্ত্তি হয়ে কম সময়ে বেশী নম্বর সহ পাশ করে নিজের স্বপ্ন পূরণ করতে সত্তর যোগাযোগ করো।

## PRIVATE ITI

✹ Fitter (2yrs) ✹ Electrician (2yrs)

✹ Foundry Man (1yr) ✹ Sanitary Inspector (1yr)

✲ সবথেকে কম প্যাকেজে পশ্চিমবঙ্গের Govt. স্বীকৃত নামী কলেজ থেকে পাশ করে চাকরির সুযোগ নাও। ✲ সরাসরি কলেজে ভর্ত্তির সুযোগ।

জেলা ও অঞ্চলভিত্তিক **ADMISSION CENTRE** নিয়ে অথবা **Individually** আমাদের সাথে সরাসরি কাজ করুন ও সম্মানের সাথে নিজেকে প্রতিষ্ঠিত করুন। **9051519293**

# INNOVATIVE CAREER FOUNDATION

(Well wisher towards Career Evolution)

E-mail : info@innovativecareer.in

Website - www.innovativecareer.in

Head Office : 1, Ganesh Chandra Avenue, Bentinck Street Crossing, Kol-13

Bangalore Office - A.G.B. Layout, Chikka Banavara, Bangalore - 560090

Contact Number : +91 76050 88678 / 033 - 4604 2059

**Admine Offices :** উঃ ২৪ পরগণা, দঃ ২৪ পরগণা, নদীয়া - 7980369219 বাঁকুড়া, দূর্গাপুর, বর্ধমান - 9831313288 রায়গঞ্জ, মালদা, বীরভূম, বহরমপুর - 7605088679 হুগলী, জলপাইগুড়ি, মেদিনীপুর - 9775888163

পশ্চিমবঙ্গের কয়েকটি সংস্থা মিথ্যা প্রলোভন ও বেশী রোজগারের প্রস্তাব দিয়ে বহু ছাত্রছাত্রীদের তথা সমাজের কিছু নামী স্কুল শিক্ষক, টিউশন স্যার, পার্শ ডাক্তার, কম্পিউটার সেন্টারদের ঠকিয়ে চলেছে। তাই শুধু রোজগারের লোভ নয়, ছাত্রছাত্রীদের প্রকৃত দিশা দেখিয়ে সম্মানের সাথে রোজগার করুন।


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮

E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in